



BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BISS)

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

সংবাদ বিজ্ঞপ্তি

Seminar on **Foreign Policy of Bangladesh: Navigating Pathways in a Shifting World** 12 October 2026

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ১২ অক্টোবর ২০২৬ তারিখে বিআইআইএসএস অডিটোরিয়ামে ‘Foreign Policy of Bangladesh: Navigating Pathways in a Shifting World’ শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম, এমপি। অধিবেশনে সভাপতিত্ব এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি। সেমিনারে ড. মাহফুজ কবীর, গবেষণা পরিচালক, বিআইআইএসএস; ড. সুফিয়া খানম, গবেষণা পরিচালক, বিআইআইএসএস; এএসএম তারেক হাসান শিমুল, গবেষণা ফেলো, বিআইআইএসএস এবং আয়েশা বিনতে তৌহিদ, গবেষণা ফেলো, বিআইআইএসএস, পর্যায়ক্রমে চারটি গবেষণাপত্র উপস্থাপন করেন।

প্রবন্ধ উপস্থাপকগণ জাতীয় সার্বভৌমত্ব ও কৌশলগত স্বায়ত্তশাসন রক্ষার পাশাপাশি উদীয়মান ভূ-রাজনৈতিক বাস্তবতার প্রতি সংবেদনশীল একটি জাতীয় স্বার্থ-চালিত পররাষ্ট্রনীতি এগিয়ে নিয়ে যাওয়ার গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন। উদীয়মান চ্যালেঞ্জ মোকাবেলা এবং আঞ্চলিক স্থিতিশীলতা বজায় রাখার জন্য সমসাময়িক প্রতিরক্ষা ও নিরাপত্তা অগ্রাধিকারের সাথে পররাষ্ট্রনীতিকে সমন্বয় করার ওপর বিশেষ জোর দেন। অর্থনৈতিক স্থিতিশীলতা শক্তিশালীকরণ এবং আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণের লক্ষ্যে, বিশেষত এআই-এর দ্রুত বিকাশের প্রেক্ষাপটে, ক্রমবর্ধমান অনিশ্চিত বহুপাক্ষিক ব্যবস্থার মধ্যে বাংলাদেশের অর্থনৈতিক স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার উপায়গুলো সেমিনারে পর্যালোচনা করা হয়। এছাড়াও, একটি সামঞ্জস্যপূর্ণ ও বিশ্বাসযোগ্য পররাষ্ট্রনীতি প্রণয়নে আদর্শিক অঙ্গীকার এবং নীতিগত মূল্যবোধ সমুন্নত রাখার গুরুত্বের ওপর জোর দেওয়া হয়। আলোচনায় একটি ভারসাম্যপূর্ণ, বাস্তবসম্মত এবং দূরদর্শী পররাষ্ট্রনীতি তৈরির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করা হয়, যা বাংলাদেশের জাতীয় স্বার্থকে এগিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি বিশ্ব মধ্যে একটি দায়িত্বশীল পক্ষ হিসেবে এর ভূমিকাকে শক্তিশালী করবে।

বিভিন্ন মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিদেশী কূটনৈতিক মিশনসমূহ, গণমাধ্যম, ব্যবসায়ী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ, গবেষকগণ ও বিভিন্ন থিঙ্ক ট্যাঙ্ক-এর প্রতিনিধিরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং মুক্ত আলোচনা পর্বে তাদের মূল্যবান মতামত, মন্তব্য, পরামর্শ ও পর্যবেক্ষণ উপস্থাপনের মাধ্যমে সেমিনারকে সমৃদ্ধ করেন।



BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)

1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

Press release

Seminar on **Foreign Policy of Bangladesh: Navigating Pathways in a Shifting World**

12 October 2026

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a seminar titled **Foreign Policy of Bangladesh: Navigating Pathways in a Shifting World**, on 12 October 2026 at BIISS auditorium. **Shama Obaed Islam, MP**, State Minister, Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh, graced the occasion as chief guest. **Major General A S M Ridwanur Rahman**, awc, afwc, psc, G, Director General, BIISS began the session with welcome remarks and chaired it. Four papers were presented by BIISS researchers **Dr. Mahfuz Kabir**, Research Director, **Dr. Sufia Khanom**, Research Director, **ASM Tarek Hassan Semul**, Research Fellow, and **Ayesha Binte Towhid**, Research Fellow.

Speakers explored the importance of advancing a national interest-driven foreign policy responsive to emerging geopolitical realities while safeguarding national sovereignty and strategic autonomy. Particular emphasis was placed on aligning foreign policy with contemporary defence and security priorities to address emerging challenges and preserve regional stability. The programme examined ways to prioritise Bangladesh's economic interests within an increasingly uncertain multilateral system, notably amidst the rapid growth of AI, with a view to strengthening economic resilience and expanding international cooperation. Furthermore, significance of upholding ideological commitments and principled values in shaping a consistent credible foreign policy was underscored. Discussions stressed on the need of building a balanced, pragmatic, and forward-looking foreign policy framework that would advance Bangladesh's national interests while reinforcing its role as a responsible actor in the global arena.

Senior officials from different ministries of Bangladesh, foreign diplomatic missions, media, businesspeople, teachers and students from various universities, researchers, representatives from various think tanks, enthusiastically participated in the lecture and enriched it by presenting their valuable opinions, comments, insights, suggestions, and observations during open discussion sessions.